

কাপাসিয়ায় প্রশ্ন ফাঁসের দায়ে ২ কলেজ ছাত্রী গ্রেফতার

■ কাপাসিয়া (গাজীপুর) সংবাদদাতা

চলতি জেএসসি গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের দায়ে গতকাল রবিবার সকালে কাপাসিয়া হরিমঞ্জুরী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের সামনে থেকে ২ কলেজ ছাত্রীকে গ্রেফতার করা হয়েছে। এরা হলো কাপাসিয়া উপজেলার খোদাদিয়া গ্রামের শাজাহানের মেয়ে শামীমা ও মজনু মিয়ান মেয়ে তানিয়া।

কাপাসিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ মাকসুদুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে ওই কেন্দ্রের আশপাশে প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িত একটি চক্রের সন্ধান পেয়ে সকাল সাড়ে ৯টার দিকে কাপাসিয়া ডিগ্রি কলেজের একাদশ শ্রেণির এক ছাত্রী ও স্নাতক শ্রেণির এক ছাত্রী মোট দুই ছাত্রীকে আটক করে থানায় সোপর্দ করা হয়। এ সময় তাদের কাছ থেকে ২টিসহ মোট ৮টি মোবাইল ফোন জব্দ করা হয়েছে। জব্দ করা মোবাইলে গণিত পরীক্ষার প্রশ্ন পাওয়া যায়। পরে গতকালের নির্ধারিত গণিত পরীক্ষা শুরু হলে মোবাইলে থাকা প্রশ্ন পত্রের সাথে পরীক্ষার প্রশ্নের পুরোপুরি মিল পাওয়া যায়। তাই তাদের বিরুদ্ধে প্রচলিত আইনে মামলা করা হয়। তিনি আরো জানান, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বরেন্দ্র উচ্চ বিদ্যালয়ের জেএসসি পরীক্ষার্থী সাইফুল ও রবিনকে বহিষ্কার করা হয়।